সংবাদ

তারিখ 20 JAN 2003
পৃষ্ঠা ... কলাম ...

# খুলনায় পুলিশ হেফাজতে ছাত্রদল নেতার মৃত্যু

খুলনা থেকে নিজস্ব বার্তা পরিবেশক : জাতীয়তাবাদী ছাত্রদলের খুলনা জেলা শাখার সদস্য রকিব হাসানকে (৩০) তেরখাদা থানা পুলিশ গ্রেফতার করার এক ঘণ্টা পর মারা গেছে। এ নিয়ে জাতীয়তাবাদী দল (বিএনপি) ও পুলিশের পক্ষ থেকে পরস্পরবিরোধী বক্তব্য পাওয়া গেছে।

রোববার দুপুরে তেরখাদা থানা পুলিশ জাতীয়তাবাদী ছাত্রদল খুলনা জেলা শাখার সদস্য রকিব হাসানকে গ্রেফতার করে। জাতীয়তাবাদী ছাত্রদলের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে পুলিশের নির্যাতনে

পুলিশ : পৃঃ ২ কঃ ৪

## পুলিশ : হেফাজতে

(১ম পৃষ্ঠার পর)

রকিব মারা গেছে। থানা পুলিশের পক্ষ থেকে সাংবাদিকদের বলা হয়েছে, মাটিতে হোঁচট খেয়ে পড়ে গিয়ে রকিবের মৃত্যু হয়েছে।

বিএনপির পক্ষ থেকে প্রেরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে অভিযোগ করা হয়েছে, দুপুর ১২টায় রকিব হাসান (৩০) তেরখাদা থানার বারাসাত পুলিশ ক্যাম্পের সামনে দিয়ে ২ জন দারোগা, ১ জন সহকারী দারোগা ও ৩-৪ জন পুলিশ কনস্টেবলের ধাওয়া খেয়ে পানিতে ঝাঁপ দিলে পুলিশ তাকে গ্রেফতার করে ব্যাপক নির্যাতন চালায় এবং অমানুষিক নির্যাতনে রকিব মারা যায়। বিএনপি মহানগর ও জেলা শাখার নেতৃবৃন্দ এক বিবৃতিতে চারদলীয় জোট সরকারের ভাবমূর্তি বিনষ্টকারী, সন্ত্রাস দমনে অকার্যকর এবং দায়িত্বহীন পুলিশ সদস্যদের বিরুদ্ধে হত্যা মামলা দায়ের করে অবিলম্বে তাদের গ্রেফতার করে শাস্তির দাবি জানিয়েছেন। তেরখাদা থানা সূত্রে জানা গেছে, নিহত রকিব ২টি হত্যা মামলাসহ ৬টি মামলার আসামি।